



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
Bangladesh Open University  
গাজীপুর-১৭০৫ | ফোন : ৯২৯১১১২



“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

### ইনোভেশন টিমের পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	প্রফেসর মোস্তফা আজাদ কামাল মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি।
সভার তারিখ	:	০৯ মার্চ, ২০২২
সভার সময়	:	সকাল ০৯.০০ থেকে ১১.০০ টা।
স্থান	:	বাউবির গাজীপুরস্থ ভাইস-চ্যান্সেলর'স কনফারেন্স হল।
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের Blended Learning বাস্তবায়ন পরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত ওয়ার্কশপে সভাপতি মহোদয় অংশগ্রহণ করবেন বিধায় তিনি Zoom এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন। আঞ্চলিক পরিচালকগণ Zoom এর মাধ্যমে সভায় যুক্ত হন। সদর দপ্তরের সকল সদস্য ও আমন্ত্রিত সদস্যগণ বাউবির গাজীপুরস্থ ভাইস-চ্যান্সেলর'স কনফারেন্স হল-এ স্বশরীরে সভায় অংশগ্রহণ করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সকল সদস্যদেরকে আন্তরিক শুভেচ্ছা জানান ও উপস্থিত সদস্যদের সাথে একে একে পরিচিত হন এবং উপস্থাপিত উদ্ভাবনী ধারণা নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য দেন। সভাপতি মহোদয়ের অনুরোধে ইনোভেশন টিমের সদস্য সচিব কর্তৃক আলোচ্যসমূহ সভায় উপস্থাপিত হলে উপস্থিত সকল সদস্যদের সুবিধার্থে ইনোভেশন টিমের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ডকে সকল স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্র কর্তৃক দাখিলকৃত নির্বাচিত উদ্ভাবনী ধারণা নিয়ে আলোচনা এবং অধ্যাপক সভায় সভাপতিত্ব করার জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান। সে অনুযায়ী তিনি প্রতিটি উদ্ভাবনী ধারণা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো :

ক্রমিক নং	আলোচ্যসূচি ও বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	উদ্ভাবনী ধারণাগুলোর উপর আলোচনা এবং ভবিষ্যতে করণীয়।	আঞ্চলিক কেন্দ্র থেকে দাখিলকৃত Activity Plan থেকে যে উদ্ভাবনী ধারণা গুলো নির্বাচিত হয়েছে সেগুলো অধ্যাপক সভায় উপস্থাপন করা হয়েছে। এই উদ্ভাবনী ধারণার মধ্যে যে কোন একটিও যদি আগামী ০৩ মাসের মধ্যে বাস্তবায়িত হয় তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটি বিরাট অর্জন বলে বিবেচিত হবে বলে আলোচনায় উঠে আসে। তাছাড়া অবশিষ্ট যে সকল কার্যক্রম কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে সে গুলো এপিএ/ শুদ্ধাচার/ সেবা/ অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার কার্যক্রম হিসেবে চিহ্নিত করা হয়েছে বলে ইনোভেশন টিমের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড সভায় উপস্থিত সকলকে জানান।  পরবর্তীতে সকল স্কুলের নির্বাচিত উদ্ভাবনী ধারণা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ওপেন স্কুলের উদ্ভাবনী ধারণা এবং গতানুগতিক কাজগুলিকে Specific করার বিষয়ে আলোচনায় উঠে আসে। সার্ড এর উপস্থাপিত উদ্ভাবনী ধারণা গুলোকে পুনরায় বিবেচনা	● আগামী ০৩ মাসের মধ্যে যে কোন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা।

		<p>করার বিষয়ে সুপারিশ পাওয়া গিয়েছে। উপস্থিত অন্যান্য সকলে সুচিন্তিত মতামত প্রদান করেন এবং অধ্যকার সভার সভাপতি মহোদয়ের সাথে একমত পোষণ করেন।</p> <p>সব শেষে বাউবির সকল বিভাগের নির্বাচিত উদ্ভাবনী ধারণা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এসএসএস বিভাগের পরিচালক মহোদয় জানান যে, কল সেন্টার এসএসএস বিভাগের অধীনে। সুতরাং কল সেন্টারটি কম্পিউটার বিভাগের উদ্ভাবনী ধারণা হিসেবে অর্ন্তভুক্ত না হয়ে এসএসএস বিভাগে অর্ন্তভুক্ত হবে। এই মতামতের সাথে ইনোভেশন টিমের সভাপতি মহোদয় একমত পোষণ করেন। ইনোভেশন টিমের সম্মানিত সদস্য ও মাননীয় রেজিস্ট্রার ড. মহা শফিকুল আলম জানান উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ক্ষেত্রে করণীয় হলো, উদ্ভাবনী ধারণার শিরোনাম, যৌক্তিকতা, বাস্তবায়নের সময়, Justified Budget, Reference উল্লেখ পূর্বক ০২ পৃষ্ঠার Proposal উপস্থাপন করে FC ও BOG -র মাধ্যমে সম্মতি পত্র গ্রহণ করা।</p>	
২.	System Design- এর প্রাথমিক আলোচনা এবং Survey.	বিষয়টি নিয়ে কোন আলোচনা হয়নি।	

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অধ্যকার সভার সভাপতি মহোদয় প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার সকলকে ধন্যবাদ জানিয়ে এবং উদ্ভাবনী ধারণাকে বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



প্রফেসর মোস্তফা আজাদ কামাল  
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি  
ও  
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৬২/ইনোভেশন (এপিএ)/২০২১/৮১১৮


তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
১৩ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ভ, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সংগীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৭. আরিফুল ইসলাম, প্রভাষক, স্কুল অব বিজনেস, বাউবি।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) :

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

  
13/03/2022  
নার্গিস আখতার

যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ  
ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।



০৯ মার্চ ২০২২ তারিখ, বুধবার অনুষ্ঠিত পর্যালোচনা সভার কিছু ছবিচিত্র।

